গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
**www.ntrca.gov.bd**

রাজশাহী ও রংপুর বিভাগের সকল জেলা শিক্ষা অফিসারদের সঙ্গে শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ভার্চুয়াল সভার কার্যবিবরণী।

সভার তারিখ : ২৭ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ।

সময় : বেল ১২.০০ টা

সভাপতি : জনাব মোঃ এনামুল কাদের খান, চেয়ারম্যান (অতিরিক্ত সচিব), এনটিআরসিএ, ঢাকা।

স্থান : ভার্চুয়াল।

উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

সভাপতি ভার্চুয়াল মতবিনিময় সভায় সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি মাঠ পর্যায়ের সকল কর্মকর্তাদের বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) প্রতিষ্ঠার পর থেকে সহযোগিতা করার জন্য কৃতজ্ঞতা জানান। আগামী দিনগুলোতেও এ ধারা অব্যাহত থাকবে মর্মে আশা প্রকাশ করেন। সভাপতি সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে জাতীয় শুদ্ধাচার কৌশল, সেবা প্রদান প্রতিশ্রুতি, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, তথ্য অধিকার আইন অনুযায়ী কার্যক্রম গ্রহণের ক্ষেত্রে জেলা শিক্ষা অফিসারগণের ভূমিকার উপর গুরুত্বারোপ করেন।

সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় :

| আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১. বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের বিষয় ভিত্তিক শূন্যপদের তালিকা প্রেরণ সম্পর্কিত আলোচনা | বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)-এর সচিব সভাকে অবহিত করেন যে, এনটিআরসিএ কর্তৃক প্রতি বছর শূন্যপদের ভিত্তিতে শিক্ষক নিবন্ধন পরীক্ষা অনুষ্ঠিত হয়। পরীক্ষা শুরুর পূর্বে নির্ভুল ও স্বচ্ছ বিষয়ভিত্তিক শূন্যপদের তালিকা প্রয়োজন হয়। এ সম্পর্কিত একটি পত্র গত ১৪ সেপ্টেম্বর ২০২১ তারিখে অত্র কার্যালয় হতে সকল জেলা শিক্ষা অফিসার বরাবর প্রেরণ করা হয়েছে। এনটিআরসিএ কর্তৃক প্রদত্ত ছক অনুযায়ী জেলা শিক্ষা অফিসারগণ EIIN নম্বরধারী ই-নিবন্ধিত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষকগণের শূন্যপদের তালিকা সংগ্রহপূর্বক সঠিকতা যাচাই করে এনটিআরসিএ বরাবর প্রেরণ করবেন। বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ ও প্রত্যয়ন বিধিমালা ২০০৬ এর ৩ক বিধি অনুযায়ী জেলা শিক্ষা অফিসারগণ তার সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা | (১.১) এনটিআরসিএ কর্তৃক প্রদত্ত বিষয়ভিত্তিক শূন্য পদের তালিকা ছক অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে অত্র কার্যালয়ে প্রেরণ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(১.২) তৃতীয় নিয়োগ চক্রের ই-রিকুইজিশন পদ বাদ দিয়ে যে সকল পদ শূন্য আছে এবং ৩০ নভেম্বর, ২০২১ তারিখ পর্যন্ত যে সকল পদ শূন্য হবে তার বিষয়ভিত্তিক তালিকা আগামী ৩১.১০.২০২১ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। | জেলা শিক্ষা অফিসার (সকল) এবং এনটিআরসিএ। |

| আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | অফিসারের নিকট হতে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের বিষয়ভিত্তিক শূন্যপদের তালিকা সংগ্রহ করবেন মর্মে নির্দেশনা রয়েছে।<br>তিনি আরও জানান, ১৭তম শিক্ষক নিবন্ধন লিখিত পরীক্ষার পূর্বেই বিষয়ভিত্তিক শূন্য পদের তালিকা প্রয়োজন। এনটিআরসিএ ১৪ সেপ্টেম্বর, ২০২১ তারিখের পত্রের ধারাবাহিকতায় আগামী ৩১ অক্টোবর, ২০২১ তারিখের মধ্যে শূন্য পদের তালিকা এ কার্যালয়ে প্রেরণের যে নির্দেশনা রয়েছে সে অনুযায়ী ৩য় নিয়োগ চক্রের জন্য গত ৩০ জানুয়ারি ২০২০ তারিখে প্রদানকৃত ই-রিকুইজিশন পদ বাদ দিয়ে অবশিষ্ট শূন্য পদ এবং আগামী ৩০ নভেম্বর ২০২১ তারিখের মধ্যে প্রাপ্ত শূন্য পদের বিষয়ভিত্তিক তালিকা এনটিআরসিএ কর্তৃক প্রদত্ত ছক অনুযায়ী এ কার্যালয়ে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। | | |
| ২. ই-রিকুইজিশন সংক্রান্ত আলোচনা | এনটিআরসিএ কর্তৃক প্রদত্ত সময়সীমার মধ্যে প্রেরিত শূন্য পদের প্রতিষ্ঠানভিত্তিক ছকে যাতে এমপিও এনং নন-এমপিও পদটির বিন্যাসে স্পষ্টতা ও সঠিকতা থাকে সে বিষয়টি জেলা শিক্ষা অফিসারগণ নিশ্চিত করবেন মর্মে আলোচনা হয়। কোন পদ এমপিও হয়ে থাকলে যাচাই-বাছাই কালে তা নিশ্চিত করতে হবে। মহিলা কোটায় যাতে কোন অবস্থাতেই পুরুষ প্রার্থী সুপারিশের বিভ্রান্তি সৃষ্টি না হয় সে জন্য সাধারণ কোটা ও মহিলা কোটার বিষয়টি নির্বাচনের ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধান ও সত্যায়ন কর্মকর্তা হিসেবে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও জেলা শিক্ষা অফিসার অধিকতর সতর্ক থাকবেন। সেক্ষেত্রে শিক্ষক চাহিদা প্রদানকালে প্রতিষ্ঠান প্রধানগণ তাঁদের নিজস্ব ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে শিক্ষক চাহিদা দিবেন। | (২.১) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০২১ অনুসারে শূন্য পদের চাহিদা প্রেরণ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(২.২) প্রতিষ্ঠান প্রধানগণ শিক্ষক নিয়োগের জন্য শূন্য পদের চাহিদা প্রদানের সময় নবসৃষ্ট পদ, মহিলা কোটা, এমপিও, ননএমপিও পদগুলো বরংবার যাচাই বাছাই করে শূন্য পদের তালিকা উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের নিকট প্রেরণ করবেন। উপজেলা মধ্যমিক শিক্ষা অফিসার যাচাই করে জেলা শিক্ষা অফিসারের নিকট জমা দিবেন এবং জেলা শিক্ষা অফিসার যাচাই- বাছাই করে, এনটিআরসিএ'র নিকট প্রেরণ করবেন। | জেলা শিক্ষা অফিসার (সকল) এবং এনটিআরসিএ। |

| আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৩. বিবিধ। | সভায় মাঠ পর্যায়ের কর্মকর্তাবৃন্দ তাদের বিভিন্ন সমস্যা সভায় উপস্থাপন করেন যা নিম্নরূপ:<br>(১) জেলা শিক্ষা অফিসার, রাজশাহী সভায় উল্লেখ করেন, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে বিষয় ভিত্তিক ডাটা বেইজ নেই। এনটিআরসিএ যদি বিষয়ভিত্তিক ডাটা বেইজ তৈরি করে দিতো তাহলে শূন্য পদের সংখ্যা, পদের নাম সঠিকভাবে জানানো সম্ভব হতো।<br>(২) জেলা শিক্ষা অফিসার, পাবনা এনটিআরসিএ'র বিধিসমূহ ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ জানান। এ প্রসঙ্গে উপপরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান) জানান যে, বিধিসমূহ এনটিআরসিএ'র ওয়েবসাইটে আপলোড করা আছে। জেলা শিক্ষা অফিসার পাবনা জানান যে, প্রথম, দ্বিতীয় ও তৃতীয় গণবিজ্ঞপ্তিতে প্রতিষ্ঠান প্রধানরা যখন তাদের নিজস্ব আইডি ও পাসওয়ার্ড দিয়ে চাহিদা দেন তখন ভুল চাহিদা দেয়ায় সমস্যার সৃষ্টি হয়। জেলা শিক্ষা অফিসার পাবনা প্রস্তাব করেন যে, শূন্য পদের চাহিদা দেয়ার সময় উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারগণ চাহিদা গুলো যাচাই করার পর প্রত্যয়ন দিলে ভুলের মাত্রা অনেক কমে যায়। | (৩.১) জেলা শিক্ষা অফিসারদের নামে আলমারি বরাদ্দ, আনুষঙ্গিক খাতে অর্থ বরাদ্দ, ০১ জন সহযোগী প্রদান ইত্যাদি বিষয়ে নির্বাহী বোর্ড এবং শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা নিয়ে বিধি বিধানের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।<br>(৩.২) প্রতিষ্ঠানের আইডি ও পাসওয়ার্ডের জন্য জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে আবেদন করতে হবে। | জেলা শিক্ষা অফিসার (সকল) এবং এনটিআরসিএ। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১০/১১/২০২১

(মো: এনামুল কাদের খান)
চেয়ারম্যান (অতিরিক্ত সচিব)
এনটিআরসিএ, ঢাকা।
ফোন : ৪১০৩০০৪৩
ই-মেইল: chairman@ntrca.gov.bd

স্মারক নং: ৩৭.০৫.০০০০.০০১.৩৬.০০১.২১-১৬৯৪(ক)

তারিখ: ২৫ কার্তিক, ১৪২৮
০৩ নভেম্বর, ২০২১

বিতরণ : জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সদস্য (প্রশাসন ও অর্থ) এনটিআরসিএ, ঢাকা;
২. সদস্য (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান), এনটিআরসিএ, ঢাকা;
৩. পরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান), এনটিআরসিএ, ঢাকা;
৪. উপপরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান), এনটিআরসিএ, ঢাকা;
৫. জেলা শিক্ষা অফিসার (সকল), রাজশাহী ও রংপুর বিভাগ;
৬. পি এ টু চেয়ারম্যান, এ কার্যালয়, চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য;
৭. অফিস কপি।

০৩/১১/2021

(মো: ওবায়দুর রহমান)
সচিব (উপ সচিব)
এনটিআরসিএ, ঢাকা।
ফোন: ৪১০৩০১২০
ই-মেইল : secretary_ntrca@ntrca.gov.bd